

যুগান্তর

প্রিন্ট: ১৫ জুলাই ২০২৫, ০১:৫৮ পিএম

শিক্ষাঙ্গন

সাত কলেজে ভর্তি বিজ্ঞপ্তি শিগগিরই, থাকছে 'সেকেন্ড টাইম'



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৫ জুলাই ২০২৫, ০১:০৬ পিএম



ফাইল ছবি

খুব শিগগিরই রাজধানীর সরকারি সাত কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) পর্যায়ে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হতে পারে। সবকিছু ঠিক থাকলে ২০ জুলাইয়ের মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে এবং এ মাসেই শুরু হতে পারে অনলাইনে আবেদন গ্রহণ। আগস্ট মাসের শেষ দিকে ভর্তি পরীক্ষা নেওয়া হতে পারে।

আর কলেজগুলোতে পাঠদান পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকেও অনুমোদন পাওয়া গেছে জুলাই মাসে শুরুতে। সেজন্য ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির (ডিসিইউ) অধীনে প্রথমবারের মতো সাত কলেজের ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে।

সাত কলেজের অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক এ কে এম ইলিয়াস এসব তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, ভর্তির বিজ্ঞপ্তির প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। আমরা আশা করছি, ২০ জুলাইয়ের মধ্যে তা প্রকাশ করতে পারব। এরপর অনলাইন আবেদন শুরু হবে এবং আগস্টের শেষদিকে কিংবা সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে ভর্তি পরীক্ষা আয়োজনের পরিকল্পনা রয়েছে।

অধ্যাপক এ কে এম ইলিয়াস বলেন, ভর্তি প্রক্রিয়া দ্রুত শেষ করে অক্টোবর থেকে নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু করার লক্ষ্যে আমরা এগোচ্ছি।

২০২৩ সালে এইচএসসি ও সম্মান পাস করা শিক্ষার্থীদের জন্য এবারের ভর্তি পরীক্ষায় আবেদন করার সুযোগ রাখার বিষয়েও ইতিবাচক ইঙ্গিত দিয়েছেন তিনি। তার ভাষায়, এখন পর্যন্ত আমাদের পরিকল্পনায় সেকেন্ড টাইম শিক্ষার্থীদের সুযোগ রাখছি। তবে এটি আগামী বছর থেকে বাতিল হতে পারে।

অন্যদিকে, সনাতন পদ্ধতিতেই এবারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে নিশ্চিত করেছেন সাত কলেজের প্রশাসক। তবে বুয়েটের (বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়) প্রযুক্তিগত সহায়তা নেওয়ার কথা ভাবা হচ্ছে। বিষয়টি নিয়ে বুয়েটের সঙ্গে আলোচনা চলছে, চূড়ান্ত হলে তারা প্রযুক্তিগত দিক পরিচালনা করবে।

প্রসঙ্গত, সাত কলেজ নিয়ে প্রস্তাবিত নতুন বিশ্ববিদ্যালয়ের নাম ইতোমধ্যে চূড়ান্ত হয়েছে ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি’। গত মার্চে ইউজিসিতে শিক্ষার্থীদের প্রতিনিধিদের সঙ্গে এক সভায় এ নাম নির্ধারণ করা হয়। নামটি শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে এবং উপদেষ্টা পরিষদের অনুমোদন শেষে রাষ্ট্রপতির সম্মতিক্রমে অধ্যাদেশ জারি করা হবে।